যায়যায়দিন

0 8 JAN 2008

ফের মিল চার্জ বাড়ানোর সিদ্ধান্ত

# রাবিতে আবাসিক শিক্ষার্থীদের ক্ষোভ

রাজশাহী ইউনিভার্সিটি সংবাদদাতা

ছাত্রদের মতামত উপেক্ষা করে ডাইনিং চার্জ তিন টাকা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে রাজশাহী ইউনিভার্সিটির প্রভোস্ট কাউন্সিল। বর্ধিত মিল চার্জ অনুযায়ী এখন দুপুরে ১৫ টাকা আর রাতে ১২ টাকায় খাবার খেতে হবে শিক্ষার্থীদের। গত রবিবার রাতে ডাইনিং কর্মচারীদের জোর দাবির মুখে এ সিদ্ধান্ত নেয় প্রভোস্ট কাউন্সিল। দ্রব্যমূল্যের চরম উর্ধ্বগতির কারণে ১ জানুয়ারি থেকে ডাইনিং কর্মচারীরা মিল চার্জ বাড়ানোর জন্য হল প্রশাসনকে চাপ দেয়। বেকায়দায় পড়ে প্রশাসন শিক্ষার্থীদের সঙ্গে গত শনিবার রাতে এক দ্বিপক্ষীয় আলোচনায় বসে। এতে শিক্ষার্থীরা মিল চার্জ না বাড়ানোর জন্য হল প্রশাসনকে অনুরোধ জানায়। তারা জানায়, দ্রব্যমূল্য বৃদ্ধির প্রভাব যেহেতু শিক্ষা উপকরণের ওপরও পড়েছে সেহেতু কোনোক্রমেই যেন মিল চার্জ না বাড়ানো হয়। কিন্তু শিক্ষার্থীদের দাবির প্রতি তোয়াক্কা না করে সোমবার ডাইনিং চার্জ বাড়ানোর সিদ্ধান্ত নেয় হল প্রশাসন। ফলে গতকাল ১৫ টাকা মিল চার্জেই দুপুরের খাবার খায় শিক্ষার্থীরা।

**নতুন মিল চার্জ**

- দুপুরে ১৫ টাকা
- রাতে ১২ টাকা

এর আগে গত বছর দুই ধাপে বাড়ে এ মিল চার্জ। আর এবার বছরের শুরুতেই এক ধাপ বেড়ে প্রতিদিনের মিল চার্জ দাড়ায় ২৭ টাকায়। হলের আবাসিক শিক্ষার্থীরা জানিয়েছে, কর্তৃপক্ষের এরূপ সিদ্ধান্ত তারা মানবে না প্রয়োজনে তারা আন্দোলনে নামবে বলেও জানায়।